

**Support Implementation of the Revenue Mobilization Programme for Result: VAT Improvement Program**

Picture	Name of Project Director/ Deputy Project Director	Address/Telephone No./email
	Mahmuda Begum (2333) Project Coordinator & Additional Secretary Wing Chief: World Bank	Room # 04, Block # 16, ERD M/o Finance, Sher-e Bangla Nagar, Dhaka-1207, 9180675(O), 01730710381(M), 106(I) Fax: 9180671 e-mail: addl-secy2@erd.gov.bd mahmuda.baro@gmail.com
	Zahid Hossain Munshi (6290) Deputy Project Coordinator & Deputy Secretary Branch: WB-IV	Room#23,Block#16 9180688(O),(R),01715135582(M),209(I) e-mail: ds-wb4@erd.gov.bd, dserdwb4@gmail.com

সাপোর্ট ইমপ্লিমেন্টেশন অবদ্যা রেভিনিউ মবিলাইজেশন প্রোগ্রাম ফর ভ্যাট ইমপ্ৰুভমেন্ট প্রোগ্রাম (ভ্যাট অনলাইন প্রজেক্ট)

**প্রকল্প পরিচিতিঃ**

অর্থ নৈতিক সম্পর্ক বিভাগকে জাতীয় রাজস্ব বোর্ড ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম (ভিআইপি), ভ্যাট অনলাইন ২০১৪-২০১৮ প্রকল্পের কার্যক্রম মনিটরিং এবং ভেরিফিকেশন করার জন্য তৃতীয় পক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত দায়িত্ব পালনের জন্য অর্থ নৈতিক সম্পর্ক বিভাগ Support Implementation of the Revenue Mobilization Programme for Result: VAT Improvement program [ SIRMPR: VIP(VAT online Project)] project" প্রকল্প গ্রহণ করে। জাতীয় রাজস্ব বোর্ড, ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম (ভিআইপি), ২০১৪-২০১৮, যা বাংলাদেশ এবং বিশ্বব্যাংক কর্তৃক অর্থায়নকৃত পরিচালনা করছে এবং এটি সরকারের বৃহত্তম ট্যাক্স রিফর্ম এজেন্ডার একটি গুরুত্বপূর্ণ বিষয়। ট্যাক্স আধুনিকীকরণ স্ট্রিকল্পনার অংশ হিসেবে ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম নতুন ভ্যাট আইন বাস্তবায়নে সহায়তা করছে। ভ্যাট উন্নয়ন প্রোগ্রাম ব্যবহার করেছে বিশ্ব্যাংকের একটি নতুন অর্থায়ন পদ্ধতি যা প্রোগ্রাম ফর রেজাল্ট নামে পরিচিত। প্রোগ্রাম ফর রেজাল্ট এর আওতায় ফলাফল অর্জনের সাথে অর্থ ছাড়ের বিষয়টি সংযুক্ত করা হয়েছে। যদি ও প্রকল্পটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে, সাধারণত বিশ্বব্যাংক এবং বাস্তবায়নকারী সংস্থার মধ্যে পৃথকভাবে মনিটরিং এবং ভেরিফিকেশন, ক্যাপাসিটি বিল্ডিং দুর্নীতি বিষয়ক প্রতিবেদন এবং সমস্যা সমাধান সময় সাপেক্ষ এবং জটিল বিষয়। ফলে নিরপেক্ষভাবে, সাবলীল কার্যক্রম চালনা, ভেরিফিকেশন ফলাফল সময়মত সম্পন্ন, কারিগরী বিশেষ জ্ঞান সহজতর করা, দুর্নীতির অভিযোগ সংকলন করা এবং সমস্যা সমাধান করার জন্য একটি তৃতীয় পক্ষের প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভব করা হয়। তৃতীয় পক্ষ প্রকল্পের স্বাভাবিক কার্যক্রমবাস্তবায়নে অংশগ্রহণ করবেনা, তবে প্রকল্প এবং বিশ্বব্যাংকের মধ্যে যোগসূত্র স্থাপনকারী হিসেবে ভূমিকা পালন করবে।